চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম– ২১ মার্চ ২০১৭ খ্রি.

ভূমিকম্প ও অগ্নিনির্বাপন উদ্ধার বিষয়ে চসিক এর সহায়তায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের টেকনিক্যাল সাপোর্টে দুযোর্গ মোকাবেলায় আয়োজিত মহড়া অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাংলাদেশ একটি দূর্যোগ প্রবণ দেশ। দূর্যোগকে সুষ্ঠ ও কার্যকর ভাবে নিয়ন্ত্রণ এবং জণিত ক্ষয়ক্ষতি কমানোর জন্য সঠিক প্রস্তুতি গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, এ বছর আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের প্রতিপাদ্য হচ্ছে– ‘দুর্যোগ ঝুঁকি কমাতে হলে, কৌশলসমূহ বলতে হবে’। এই দিবসের বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে আজকের এই মহড়ার আয়োজন করা হয়। মেয়র আরও বলেন, চট্টগ্রাম নগরীতে ভূমিকম্পে ব্যাপক ক্ষতির আশংকা করা হয়ে থাকে। যেহেতু ভূমিকম্পের ফলে ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে এবং ভারী জিনিসপত্রের নীচে চাপা পড়ে লোকজন হতাহত হয়। এজন্য যথাযথ বিল্ডিং কোড মেনে স্থাপনা নির্মাণ করলে ভূমিকম্পের ক্ষয়ক্ষতি অনেকাংশে হ্রাস করা সম্ভব। তিনি আরো বলেন, দূর্যোগ বলে কয়ে আসেনা। প্রাকৃতিক দূর্যোগ এর চেয়ে ভয়ানক হলো অগ্নিকান্ডের ঘটনা। কোন জায়গায় আগুন লাগলে দ্রুত আয়ত্বে আনতে না পারলে মুহর্তে যাবতীয় সম্পদ পূড়ে ছায় হয়ে যায় আর মানুষের জীবন হানি ঘটে। তাই আগুন লাগার সাথে সাথে ফায়ার সার্ভিসে খবর দেয়ার আহবান জানান মেয়র। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মানে সন্ত্রাস ও জঙ্গীবাদকে রুখতে হবে। জঙ্গীবাদের আক্রমন থেকে কিভাবে নিজেকে রক্ষা করা যায় সে ব্যাপারেও এ মহড়া অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জঙ্গীবাদের বিরুদ্ধে মানুষকে সচেতন করে তুলে। বিপদকালীন সময়ে ভির করে উদ্বার তৎপরাতায় প্রতিবন্ধকতার সৃষ্টি না করে উদ্ধার কর্মীদের সহযোগিতা করার আহবান জানান মেয়র। ২১ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে নগরীর এনায়েত বাজার মহিলা কলেজ প্রাঙ্গণে আয়োজিত ভূমিকম্প ও অগ্নিনির্বাপন উদ্ধার বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহায়তায় ফায়ার সার্ভিস ও

সিভিল ডিফেন্স বিভাগের টেকনিক্যাল সাপোর্টে দুযোর্গ মোকাবেলায় আয়োজিত মহড়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনায়েত বাজার মহিলা কলেজ এর অধ্যক্ষ তহুরিন সবুর। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চু, ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স চট্টগ্রাম এর উপ-পরিচালক আবদুস সত্তার মন্ডল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর গিয়াস উদ্দিন, শৈবাল দাশ সুমন,সালেহ আহমদ চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, নির্বাহী ম্যাজিষ্ট্রেট যুথিকা সরকার সহ অন্যরা। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স চট্টগ্রাম এর ষ্টেশন অফিসার নিউটন দাশের উপস্থাপনায় মহড়া পরিচালনা করেন সহকারী পরিচালক পরিমল চন্দ্র কুন্ড। মহড়ায় এনায়েত বাজার মহিলা কলেজ এর ছাত্রী ও বিভিন্ন ওয়ার্ডের স্বেচ্ছাসেবকগন অংশগ্রহণ করেন।

চট্টগ্রাম- ২১ মার্চ ২০১৭ খ্রি.

“বিশ্ব বন দিবস” উপলক্ষে গাছের চারা বিতরন উদ্বোধন অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন জণিত ক্ষতির প্রভাবে দক্ষিণ এশিয়ার ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। এদেশের আবহাওয়া উষ্ণমন্ডলীয় এবং বর্ষা ও শুকনো মৌসুম পৃথকভাবে বিরাজ করে। আয়তনের দিক দিয়ে বাংলাদেশ ছোট হলেও ভৌগলিক অবস্থানগত কারনে বাংলাদেশ একসময় জীব বৈচিত্রে প্রাচুর্য্যময় ছিল। কিন্তু দ্রুত জনসংখ্যা বৃদ্ধি, পরিবেশ বিপর্যয়কারী উন্নয়ন কার্যক্রম বন উজাড়, প্রাকৃতিক সম্পর্দের অধিক আহরন, আবাসস্থল ধ্বংস, আগ্রাসী প্রজাতির আগমন, বনায়নে দেশীয় প্রজাতি ও জীব বৈচিত্র সংরক্ষণের প্রতি কম গুরুত্ব দেয়ায় আমাদের দেশে জীব বৈচিত্র আজ হুমকির মুখে। মেয়র বলেন, গত ৩ দশকের বেশি সময় ধরে নির্বিচারে বন উজাড় সহ বিভিন্ন কারনে প্রাকৃতিক বনাঞ্চলে পাওয়া যেত এরকম অনেক মূল্যবান বৃক্ষ প্রজাতি এখন পাওয়া দুষ্কর হয়ে পড়েছে। অনতিবিলম্বে দেশীয় বৃক্ষ প্রজাতি সমূহ বিলুপ্তির হাত থেকে রক্ষা করার জন্য সঠিক ব্যবস্থাপনা গ্রহণ জরুরী বলে তিনি মত ব্যক্ত করেন। মেয়র

বেশি করে বাড়ীর আঙ্গিনায়, ছাদে গাছ লাগানোর জন্য নগরবাসীর প্রতি আহবান জানান। ২১ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে নগর ভবনের বঙ্গবন্ধু চত্বরে সেন্টার ফর ইওথ ডেভোলাপমেন্ট এন্ড রিচার্স ইনিশিয়েটিভ এর উদ্যোগে আয়োজিত "বিশ্ব বন দিবস" উপলক্ষে গাছের চারা বিতরন উদ্বোধন অনুষ্ঠানে মেয়র এসব কথা বলেন। এসময় ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর গিয়াস উদ্দিন, শৈবাল দাশ সুমন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, আঞ্জুমান আরা বেগম, নির্বাহী ম্যাজিষ্ট্রেট যুথিকা সরকার, সেন্টার ফর ইওথ ডেভোলাপমেন্ট এন্ড রিচার্স ইনিশিয়েটিভ এর প্রেসিডেন্ট মোহাম্মদ মাশরুর হোসাইন সহ অন্যরা উপস্থিত ছিলেন। গাছের চারা বিতরন উদ্বোধন শেষে মেয়র গাছের চারা বিতরণ করেন।

চট্টগ্রাম- ২১ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায়
ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট যুথিকা সরকার এর নেতৃত্বে কোতোয়ালী থানাধীন ৪২, হোসেন সোহরাওয়ার্দী সড়ক জিপিও এর বিপরীতে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশ, অনভিজ্ঞ ল্যাব টেকনিশিয়ান দ্বারা রোগীর সেবা প্রদান ও দায়িত্বরত টেকনিশিয়ানদের অভিজ্ঞতা সনদ না থাকার দায়ে মিড সিটি ল্যাব এর আজিজুর রহমানকে ১৫ হাজার টাকা, একই অভিযোগে এক্সরে রুম ও নির্দিষ্ট লিডসিড না রেখে ফিল্ম পরিক্ষা করার দায়ে সদরঘাট রোডে চিটাগাং মেডিকেয়ার ডায়াগনষ্টিক এর সুমন দাশকে ১৫ হাজার টাকা, সদরঘাট কালী বাড়ীর পার্শ্বে খাসির দোকানদার জলদায় খাসি জবাই না করে দোকানের ভিতরে জবাই করা, নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে বেচাকেনার ও ফ্রিজে বাসি মাংস রাখার দায়ে আরিফুলকে ১০ হাজার টাকা, ষ্টেশন রোডস্থ নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশ এবং খাবারের উপর মশা-মাছির উপদ্রব থাকায় নিজাম হোটেলের জাহাঙ্গীর আলমকে ১৫ হাজার টাকা, একই অপরাধে হোটেল উজালাকে ১৫ হাজার টাকা, ফ্রিজে সংরক্ষিত গুড়ের সন্দেশ পুনরায় তৈয়ার করা, নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশ এর দায়ে এনায়েত বাজার বাটালী রোডস্থ মিসকা ধানসিড়ি সুইটস্ এর জাফর আহমদকে ১৫ হাজার টাকা সহ সর্বমোট ৮৫

হাজার টাকা জরিমানা করা হয়। অপর অভিযানে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ২১ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত এর মাধ্যমে অভিযান পরিচালিত হয়। অভিযানকালে আকবরশাহ থানাধীন সিডিএ আ/এ ১ নং মোড় সংলগ্ন কালীছড়া খালের অংশ অবৈধভাবে দখল করে নির্মিত ১টি কাঁচা ঘরের বর্ধিত অংশ, ১ টি পাকা বাথরুম ও ১ টি কাঁচা পায়খানা উচ্ছেদ করা হয়। উক্ত খালের অবৈধ দখলের অংশবিশেষের স্থাপনা সনাক্তকরন পূর্বক পরবর্তীতে আবারো উচ্ছেদ অভিযান পরিচালিত হবে।
অভিযানকালে সিটি কর্পোরেশনের স্বাস্থ্য পরিদর্শক, সংশি-ষ্ট কর্মকর্তা/কর্মচারীগণও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ২১ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক কার্যালয় সাগরিকা ষ্টোর পরিদর্শন ও নতুন ডাম্পট ট্রাক উদ্বোধন করলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ২১ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক কার্যালয় সাগরিকা ষ্টোর এর নির্মানাধীন এ্যাসফল্ট প্ল্যান্ট, খোলা আকাশের নিচে পরিত্যক্ত ড্রাম, টায়ার টিউব, অকেজো গাড়ী এবং গাড়ী ও বিভিন্ন ধরনের যন্ত্রপাতি, রড,লৌহজাত সামগ্রী, কন্টেইনার, উচ্ছেদকৃত বিভিন্ন মালামাল ইত্যাদি সহ যাবতীয় স্থাপনা, ষ্টোর ২ ঘন্টা ধরে পায়ে হেঁটে খতিয়ে খতিয়ে এসব প্রতিষ্ঠানগুলোর বাস্তব চিত্র সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন শেষে মেয়র নতুন ক্রয়কৃত ৮টি ১০ টনা আইচার ডাম্প ট্রাক ও স্থানীয় সরকার মন্ত্রনালয় থেকে প্রাপ্ত ৮টি ৩ টনা ডাম্প ট্রাক, ১টি পেলোডার ও ১টি ট্রাকটর উদ্বোধন করেন। পরিদর্শন ও গাড়ী উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, তত্বাবধায়ক প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম মানিক, নির্বাহী প্রকৌশলী ঝুলন কান্তি দাশ, সুদিব বসাক, অসীম বড়-য়া, সামছুল হুদা ছিদ্দিকী, সহকারী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের, সহ সংশ্লিষ্ট উপ সহকারী প্রকৌশলী রাসেল হারুন তালুকদার, নাজিম উদ্দিন নুরুল ইসলাম, সহকারী নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ ওমর সহ অন্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা